# পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ

## মুর্শিদাবাদ জেলা শাখা

## বিজ্ঞান অভী(া ২০২৪

সময়ঃ ১ ঘ. ৪০ মি. **সপ্তম শ্রেণি** পূর্ণমান - ১০০

নাম / Name ..........................................................................................................

### *OMR* উত্তরপত্র নির্ভুল ভাবে পূরণ করার নির্দেশিকা

*১) এই শিট ঠিকভাবে পূরণ করা খুব দরকার। কারণ এটাই উত্তরপত্র। এটাই জমা নেওয়া হবে। প্রশ্নপত্র জমা নেওয়া হবে না। ছাত্রছাত্রীরা প্রশ্নপত্র বাড়ি নিয়ে যাবে। ক্লাসের ইনভিজিলেটরের কাছে ভালভাবে বুঝে নিয়ে শুরু করতে হবে। নচেৎ ভুল হতে পারে। OMR ভুল হলে নতুন OMR সরবরাহ করা হবে না। তাই খুব সতর্কতার সঙ্গে OMR পূরণ করতে হবে।*

*২) চার সংখ্যা বিশিষ্ট রেজিস্ট্রেশন কোড ও চার সংখ্যা বিশিষ্ট Number (নং) লেখা অভ্যাস করার জন্য পরীক্ষার আগে অ্যাডমিট কার্ডের সঙ্গে OMR এর নমুনা দেওয়া হয়েছে। মনে রাখতে হবে OMR মূল্যায়ণের সব কাজ কম্পিউটারের মাধ্যমে হবে, মানুষের দ্বারা নয়।* ***ভুল ক্লাস বা ভুল রোল নম্বর লিখলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।***

*৩) অভীক্ষার্থী ও শিক্ষক / শিক্ষিকা সকলকে নজর রাখতে হবে এই শিটে কোন ভাঁজ বা কোন রকম দাগ না পড়ে।*

*৪) OMR পূরণের সময় কালো বা নীল বল পেন ব্যবহার করতে হবে। জেল পেন বা পেনসিলে নয়। হোয়াইটনার ব্যবহার করা যাবে না। সঠিক উত্তরের অপশানটির গোল ফাঁকা জায়গাটি পেন দিয়ে ভরাট করতে হবে, অন্য কোন রকম চিহ্ন (✓/ বা অন্য কিছু) দিলে হবে না। ভরাট করার সময় অতিরিক্ত চাপ দেবার দরকার নেই। কাগজ ফুটো হয়ে যেতে পারে।*

*৫) প্রতি প্রশ্নের উত্তর A,B,C,D এর মধ্যে মাত্র একটি ঠিক উত্তর হবে। ঠিক উত্তরের গোলাকার ফাঁকা জায়গাটি সম্পূর্ণ রূপে ভরাট করতে হবে। একাধিক গোল পূরণ করলে কোন নম্বর পাওয়া যাবে না। পূরণ করার আগে ভালভাবে ভাবতে হবে।*

*৬) প্রতি প্রশ্নের উত্তর করার সময় প্রশ্নপত্রের নম্বরের সঙ্গে OMR-এ প্রশ্নের নম্বরটি মিলিয়ে নিতে হবে। প্রশ্ন থাকবে 1,2,3 থেকে শুরু করে 50 পর্যন্ত।*

*৭) OMR শিটে পেন বা পেনসিলে রাফ কাজ করা যাবে না। আলাদা রাফ কাগজ দেওয়া হবে ঐ কাগজে রাফ করবে।*

*৮) OMR এ নাম রোল সহ অন্যান্য কাজ করার জন্য সময় ১২টা থেকে ১২টা ১০ মিনিট। পরীক্ষা শেষ হবে ১টা ৪০ মিনিটে।*

*৯) পরীক্ষার ঘরে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ প্রভৃতি কোনো ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।*

## GROUP - A

1. নীচের কোন তথ্যটি সঠিক?
   A) ম্যালাকাইট গ্রীন একটি কীটনাশক যা বাঁধা কপিতে দেওয়া হয়।
   B) মেটানিল ইয়োলের বিষক্রিয়ায় ড্রপসি রোগ হয়।
   C) পোস্তর সঙ্গে ভেজাল হিসেবে শিয়াল কাটার বীজ মেশানো হয়।
   D) স্টার্চের সঙ্গে আয়োডিন মেশালে স্টার্চ নীল রঙ হয়ে যায়।

2. কোয়াশিওরকর আক্রান্ত শিশুর জন্য তুমি কী ব্যবস্থা নেবে?
   A) তাকে রক্ত দিতে হবে
   B) তাকে দুধ, ডিম, মাংস, সোয়াবিন, ডাল জাতীয় খাদ্য যথেষ্ট পরিমানে দিতে হবে
   C) প্রচুর জল খাওয়াতে হবে      D) পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

3. ইনফ্লুয়েঞ্জা হল—
   A) বায়ুবাহিত      B) জলবাহিত      C) মশাবাহিত      D) মাছিবাহিত।

4. অ্যাসবেস্টস কারখানার কর্মীদের কোন অঙ্গে সমস্যা হতে পারে?
   A) ফুসফুসের      B) স্নায়ুতন্ত্রের      C) চোখের      D) ত্বকের।

5. বনের গভীরতা যত বাড়ে শব্দের প্রাবল্য—
   A) বাড়ে      B) কমে
   C) কোন পরিবর্তন হয় না      D) বনের গভীরতার সঙ্গে শব্দ প্রাবল্যের কোন সম্পর্কটি নেই।

6. বর্তমান ভারতে ভূ-ভাগের কত অংশে বনভূমি আছে?
   A) 30%      B) 33%      C) 19.7%      D) 10%

7. নীচের কোনটি বায়োডিগ্রেডেবেল—
   A) PVC      B) PET      C) পলিথিন      D) পাটজাত দ্রব্য।

**VII** (২)

8. কোন বস্তু কণার উপর 4 N প্রয়োগ করার ফলে বস্তু কণাটি বল প্রয়োগের দিকে 16 m সরে গেল। এর ফলে কাজের পরিমাণ হবে—
A) (16–4) J B) (16+4) J C) (16×4) J D) (16 4) J

9. 'X' মৌলের পরমানু থেকে একটি ইলেকট্রন বের হয়ে গেলে 'X' মৌলটি পরিণত হবে?
A) ক্যাটায়ণে B) অ্যানায়ণে C) নিস্তড়িৎ পরমানুতে D) এদের মধ্যে কোনটিই নয়।

10. নীচের কোনটি স্থিতি জাড্যের উদাঃ নয়?
A) কম্বলে ছড়ি দিয়ে আঘাত করে ধূলো ঝাড়া B) হাতুড়ী দিয়ে পেরেক ঠোকা
C) সুইচ বন্ধের পর ও কিছুক্ষণ পাখার ঘোরা D) পাখার স্থির থাকা।

11. নীচের কোন অক্ষরটির পার্শ্ব পরিবর্তন হয় না?
A) G B) P C) R D) O

12. কোন চুম্বকের জ্যামিতিক দৈর্ঘ্য 1 মিটার হলে চৌম্বক দৈর্ঘ্য হবে—
A) 1 মিটার B) 86 মিটার C) 0.86 মিটার D) 8.6 মিটার।

13. কোনটি খাদ্য লবনের সংকেত?
A) NaCl B) $Na_2SO_4$ C) $MgCl_2$ D) $MgSO_4$

14. নীচের কোন মৌলটির ল্যাটিন নাম হাইড্রার্জিরাম—
A) পারদ B) সিসা C) সিলিকন D) টিন।

15. পৃথিবীর গড় উষ্ণতা বাড়ার কারণে যা ঘটেনা তা হলো—
A) ঘন ঘন নিম্নচাপ B) মেঘভাঙ্গা বৃষ্টি C) সুনামি D) খরা ও তাপ প্রবাহ।

16. রেললাইনে যে কালো পাথর দেওয়া থাকে তা আসলে কোন শিলা?
A) আগ্নেয় শিলা B) পাললিক শিলা C) রুপান্তরিত শিলা D) পাতালকি শিলা।

17. অনুসুর অবস্থান উত্তর গোলার্ধে যে ঋতুতে হয় তা হলো—
A) গ্রীষ্ম B) শীত C) শরৎ D) বসন্ত।

18. $x^a$ $x^b$ $x^c = 1$ হলে, a, b, c এর মধ্যে সম্পর্কটি হবে— $\left(a\frac{1}{x}\frac{2}{a}\frac{1}{y}3\right)$, $(a \neq 0)$
A) a = b = c B) abc = 0 C) abc = 1 D) a + b + c = 0

19. শ্যামল একটি কাজ x দিনে ও কামাল একই কাজ y দিনে করতে পারে। এরা একত্রে কাজ করবে?
A) (x+y) দিনে B) দিনে C) $\frac{x+y}{xy}$ দিনে D) $\left(\frac{xy}{x+y}\right)$ দিনে।


20 x:y = 3:8 হলে (5x+7y) : (8x+11y) এর মান কত?
A) 71 : 91 B) 71 : 14 C) 91 : 71 D) এদের কোনটিই নয়।

21. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 324 বর্গমিটার হলে এর পরিসীমা কত হবে?
A) 72 মি. B) 18 মিটার C) 81 মিটার D) এদের কোনটিই নয়।

22. $A = 5x^2–6x+1$, $B+1 = 3x$ $C = 2x$ হলে নীচের কোন সম্পর্কটি সঠিক?
A) A = B × C B) A = (B+C) (B–C) C) $A = (B–C)^2$ D) $A = B^2+C^2$

23. O < x < 1 হলে নীচের কোনটি ঠিক?
A) x = 0 B) x = 1 C) $x^2 > x$ D) $x^2 < x$

24. $63^0$ কোণের পূরক কোণের মান কত?
A) $18^0$ B) $27^0$ C) $30^0$ D) $21^0$

25. 

ছবিতে একান্তর কোন জোড়া কোনটি?
A) 1, 3 B) 2, 3
C) 2, 5 D) 1, 2


26. হলে $\frac{121a}{2a^2+5a+4}$ এর মান—
A) 11 B) 12 C) 13 D) 14

**VII** (৩)

27. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $(9x^2-12xy+4y^2)$ বর্গ একক হলে তার পরিসীমা হবে—
A) (3x–2y) একক B) (3x+2y) একক C) (12x–8y) একক D) (12x+8y) একক।

28. A এর টাকা B এর টাকার $\frac{3}{4}$ গুণ, B এর টাকা C এর টাকার $1\frac{1}{5}$ গুণ। A ও C এর টাকার অনুপাত কত?
A) 9:10 B) 4:3 C) 3:4 D) 1:3

29. ? চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে?




A) 40 B) 37 C) 38 D) 29

30. কোন একটি কোডে TELEPHONE কে ENOHPELET আকারে লেখা হয়। ওই কোডে ALIGATOR কে কি আকারে লেখা যাবে?
A) ROTAGILA B) ROTAGAIL C) ROTAGILE D) ROTEGILA

31. বঙ্গীয় বিজ্ঞান পরিষদের প্রতিষ্ঠাতা কে?
A) রাজশেখর বসু B) সত্যেন্দ্রনাথ বসু C) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী D) আচার্য জগদীশ চন্দ্র বসু।

32. R.G. KAR Medical College টি কার নামে?
A) রাজা গোপাল কর B) রতন গোবিন্দ কর C) রাধাগোবিন্দ কর D) ডাঃ রাধা গোপাল কর।

33. কোনটি ব্রহ্মপুত্র নদের উপনদী নয়?
A) তিস্তা B) সিয়াং C) ঢোঁস D) মানস।

34. ‘বিভুতিভুষণ’ অভয়ারণ্য কোন জেলায় অবস্থিত?
A) উত্তর চব্বিশ পরগনা B) হাওয়া C) জলপাইগুড়ি D) দার্জিলিং।

35. সোনালী চতুর্ভূজ দ্বারা কোন পথকে চিহ্নিত করা হয়?
A) রেলপথ B) সড়কপথ C) আকাশপথ D) জলপথ।

36. ভারতে প্রতিদিন প্রথম সূর্যোদয় ঘটে কোন রাজ্যে?
A) অরুণাচল প্রদেশ B) আসাম C) হরিয়ানা D) উত্তরাখন্ড।

37. কোন গ্যাসের চাপে রুটি ফাঁপা হয়?
A) $O_2$ B) CO C) $H_2$ D) $CO_2$

38. নীচের কোন কারণের জন্য ব্রুনোকে জীবন্ত পুড়িয়ে মারা হয়েছিলো?
A) ব্রুনো বলেছিলেন — পৃথিবী স্থির তার চারিদিকে সূর্য ঘুরছে।
B) ব্রুনো বলেছিলেন — নক্ষত্রের নিজস্ব আলো আছে।
C) ব্রুনো বলেছিলেন — গ্রন্থের নিজস্ব আলো নেই।
D) ব্রুনো বলেছিলেন — সূর্যের চারিদিকে পৃথিবী ঘুরছে।

39. বর্তমান সময়ে আমাদের প্রাত্যহিক জীবনে গুরুত্বপূর্ণ যন্ত্র হল মোবাইল ফোন। এই মোবাইল ফোনের উদ্ভাবক কে?
A) গ্রাহাম বেল B) ডঃ মার্টিন কুপার C) মার্কনি D) আচার্য জগদীশ চন্দ্র বসু।

40. আন্তর্জাতিক শ্রমিক দিবস পালন করা হয়—
A) ১লা মে B) 26 শে মে C) ১লা মার্চ D) 23 শে জানুয়ারী।

## GROUP - B

41. জ্যোতিষীর পরামর্শ অনুযায়ী—মানুষ বিশেষ ধরণের পাথর বা রত্নের আংটি পরেন। এ সম্বন্ধে ভুল ধারণা কোনটি?
A) এগুলি অবৈজ্ঞানিক ভ্রান্ত ধারনা।
B) এগুলির জন্য অহেতুক অর্থব্যয় হয়।
C) এগুলি মহাজাগতিক রশ্মিকে আর্কষণ করে মানুষের জীবন পাল্টে দেয়।
D) পাথর যে বিক্রি করে সে আর্থিক লাভবান হয়।

42. সূর্য গ্রহণ সম্পর্কে নীচের কোন উক্তিটি সঠিক?
A) সূর্য গ্রহণের সময় খালি চোখে সূর্যের দিকে তাকানো যায়
B) সূর্য গ্রহণ হলে আগের রান্না করা খাবার ফেলে দেওয়া উচিত
C) সূর্য গ্রহণের সময় খাবার খেলে কোন সমস্যা হয় না
D) রাহু সূর্যকে গিলে ফেলে বলেই সূর্য গ্রহণ হয়।

VII (৪)

43. তোমাদের পাড়ায় ঝোপজঙ্গালে একটি মজা পুকুর আছে। ঐ পুকুর ভরাট করে বাড়ী তৈরীর পরিকল্পনা চলছে। এই বিষয়ে ভিন্ন মত শোনা যাচ্ছে, তুমি কোন মত সমর্থন করবে?

A) ঐ পুকুর যেহেতু কেউ ব্যবহার করে না, ওটা রাখার কোন অর্থ নেই, যত সব সাপ, ব্যাঙ পোকা মাকড়ের আস্তানা।

B) ঐ পুকুরে যে সব আগাছা, ছোট মাছ ব্যাঙ, সামুক, ঝিনুক জমায় যা পরিবেশের সম্পদ। ওদের থাকার জায়গা নষ্ট হলে ওরা মারা যাবে ও পরিবেশের ভারসাম্য নষ্ট হবে।

C) ঝোপাঝাড়ে ভরা জায়গা এই অঞ্চলের সৌন্দর্য নষ্ট করছে।

D) ওখানে বাড়ি হলে জায়গা মানুষের কাজে লাগবে।

44. অসীম, আনন্দ, রীতা, ও রীনা রক্তদান নিয়ে কথা বলছিল। তোমার বিচারে কে ঠিক কথা বললো?

A) অসীম বলল রক্তদান করলে রক্তাল্পতা হতে পারে।

B) আনন্দ বলল রক্তদান করলে হৃৎপিন্ডের ক্ষতি হতে পারে।

C) রিতা বললো 10 বছর থেকে মৃত্যু পর্যন্ত রক্তদান করা উচিত।

D) রীনা বললো 18 বছর থেকে 60 বছর বয়স পর্যন্ত যে কোন সুস্থ ব্যক্তি রক্তদান করতে পারে, তাতে শরীরের কোন ক্ষতি হয় না।

45. তোমার পাড়ায় একজনকে সাপে দংশন করলো, সকলের কী করা উচিত?

A) সঙ্গে সঙ্গে দংশন স্থান বেঁধে, ওঝাকে খবর দেওয়া।

B) সঙ্গে সঙ্গে ওকে হাঁটিয়ে হাসপাতালে নিয়ে যাওয়া।

C) ওই ব্যক্তিকে গাড়ী বা মোটর বাইকে করে দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া।

D) রোগীকে ঘুমাতে দিতে হবে।

46. তুমি বর্ষাকালে মাঠে যাচ্ছিলে। এমন সময় বজ্রপাত সহ বৃষ্টি শুরু হলো। বজ্রপাত থেকে নিজেকে বাঁচাতে তুমি কী করবে?

A) কাছের বড় একটি গাছের নীচে দাঁড়াবে।
B) কাছে থাকা জলাশয়ের জলে নেমে দাঁড়িয়ে থাকবে।
C) গুটি সুটি হয়ে মাটিতে বসে বড়বে।
D) কাছে থাকা মোবাইল টাওয়ারের নীচে দাঁড়াবে।

47. অমৃতাদেবী, সুন্দর লাল বহুগুণা প্রমুখদের নেতৃত্বে পরিবেশ বাঁচানোর লড়াই, চিপকো আন্দোলন শুরু হয়। চিপকো আন্দোলন কাকে কেন্দ্র করে গড়ে উঠেছিল?

A) নদী বাঁচানো কে কেন্দ্র করে।
B) মৃত্তিকা ক্ষয়রোধের লড়াই।
C) গাছ কাটার বিরুদ্ধে লড়াই।
D) অরণ্য প্রাণী বাঁচানোকে কেন্দ্র করে।

48. আচার্য জগদীশচন্দ্র বসু বিষয়ে কোন তথ্যটি সত্য নয়?

A) আচার্য জগদীশ চন্দ্র বসু একজন উদ্ভিদ বিজ্ঞানী ছিলেন।

B) তিনি রেডিওর মূলনীতি আবিষ্কার করেন।

C) তিনি নিজের আবিষ্কৃত যন্ত্রের সাহায্যে পরিক্ষা করে দেখান, উদ্ভিদ ও প্রাণীদের মতো উত্তেজনায় সাড়া দেয়।

D) তিনি বসু বিজ্ঞান মন্দির প্রতিষ্ঠা করেন।

49. পৃথিবীর উষ্ণতা নিয়ন্ত্রণে রাখতে আমাদের কী করা উচিত নয় ?

A) বনভূমি রক্ষা করা ও নতুন বনভূমি তৈরী করা।
B) জীবাশ্মা জ্বালানীর পরিবর্তে বিকল্প জ্বালানীর ব্যবহার করা।
C) ভোগ্যপণ্যের উৎপাদন কমানো।
D) বনাঞ্চলে কৃষিক্ষেত্র ও কৃষির প্রসার ঘটানো।

50. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সম্পর্কে কোনটি ঠিক ?

A) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মানুষ নিয়ে যতটা ভাবতেন ; ঈশ্বর নিয়ে ভাবতেন না।

B) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর দেশের শিক্ষা চিন্তায় ইংরেজী ভাষা ও বিজ্ঞানের প্রতি বিশেষ গুরুত্ব দিতেন।

C) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর সমাজের প্রচলিত প্রথাকে উপেক্ষা করে বিধবা বিবাহ প্রথা চালু করেছিলেন।

D) সবগুলি ঠিক।-.